গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় সঞ্চয় অধিদপ্তর
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
www.nationalsavings.gov.bd

# জাতীয় সঞ্চয় অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটির ২০১৬-১৭ অর্থ-বছরের ১ম সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব বাবলু কুমার সাহা
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), জাতীয় সঞ্চয় অধিদপ্তর।

তারিখ ও সময় : ১৮ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ, সকাল ১০.০০ ঘটিকায়।

স্থান : সম্মেলন কক্ষ, জাতীয় সঞ্চয় অধিদপ্তর।

উপস্থিত কর্মকর্তা/কর্মচারীদের তালিকাঃ **'পরিশিষ্ট-ক'।**

০২। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি মহোদয় উপস্থিত সকলের সাথে পবিত্র ঈদ-উল-আযহা এর শুভেচ্ছা বিনিময় করেন। সভায় বিগত জুন/২০১৬ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সভায় উপস্থাপন করা হয় এবং উপস্থাপিত কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উপস্থাপিত কার্যবিবরণীটি সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর গত ২০/০৬/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি এবং ২০১৬-১৭ অর্থ-বছরের জন্য প্রণীত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ; | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত জাতীয় সঞ্চয় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সচেতনা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনাকালে সভাপতি মহোদয় জানান, এ সপ্তাহের শেষের দিকে বিভাগীয় কার্যালয়, সিলেট অথবা অন্য কোন বিভাগে অনুষ্ঠিতব্য সঞ্চয়পত্র বিধিমালা/নীতিমালা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার পরের দিন শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। একই সাথে তিনি অংশীজনের অংশগ্রহনে সভার আয়োজনের বিষয়েও আলোকপাত করেন। অধিকন্তু সিলেট বিভাগের আওতাধীন কর্মকর্তাদের সমন্বয়ে সচেতনতা বৃদ্ধিমূলক সভার আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। | ক) আগামী ২২/০৯/২০১৬ খ্রিঃ তারিখে বাংলাদেশ ব্যাংক, সিলেট অথবা অন্য কোন বিভাগে আওতাধীণ ব্যাংক, ডাকঘর ও সঞ্চয় অফিসের সমন্বয়ে সঞ্চয়পত্র বিধিমালা/নীতিমালা বিষয়ক একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হবে।<br>খ) আগামী ২৩/০৯/২০১৬ খ্রিঃ তারিখে একই বিভাগের আওতাধীন অংশীজনের অংশগ্রহনে একটি সভা এবং সচেতনতা বৃদ্ধিমূলক একটি সভার আয়োজন করা হবে। | উপ-পরিচালক, জাতীয় সঞ্চয় বিভাগীয় কার্যালয়, সিলেট;<br>সহকারী পরিচালক (প্রশাসন), প্রধান কার্যালয়, ঢাকা। |
| ০২। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ই-গভর্ন্যান্স; | সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত অনলাইন রেসপন্স সিস্টেম, ভিডিও কনফারেন্স, ই-টেন্ডার, অনলাইনে সেবা প্রদান এবং ই-ফাইলিং চালু করার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় জানানো হয়, বর্তমানে জাতীয় সঞ্চয় অধিদপ্তরে অনলাইনের মাধ্যমে পত্রাদি আদান-প্রদান, ই-মেইলে প্রাপ্ত আবেদন যথাযথভাবে রেসপন্স করা হয়। সভায় জাতীয় সঞ্চয় অধিদপ্তরে বাস্তবায়নাধীন ডিজিটাল নথি ব্যবস্থাপনার অগ্রগতি বিষয়ে আলোচনা হয়। | ক) ই-টেন্ডারিং এবং ভিডিও কনফারেন্স চালুর বিষয়ে প্রয়োজনীয় করণীয় নির্ধারণপূর্বক পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে;<br>খ) ডিজিটাল নথি ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ কর্মশালার আয়োজনা করা হবে। | উপ-পরিচালক (ব্যুরো) ও উপ-পরিচালক (পলিসি)।<br>সহকারী পরিচালক (প্রশাসন)। |
| ০৩। | শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে উদ্ভাবনী উদ্যোগ; | জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত ইনোভেশন টিম কর্তৃক উপস্থাপিত উদ্ভাবনী ধারনা (Innovative Idea) বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়নের জন্য সভাপতি মহোদয় উপস্থিত সকলকে উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য আহবান জানান। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপস্থিত প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীকে অন্ততঃ ১ (এক)টি করে উদ্ভাবনী ধারণা লিখিতভাবে উপ-পরিচালক (পলিসি) এর নিকট জমা দিবেন-মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সভায় উপস্থিত সকল সদস্য। |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | অডিট কমিটির সভা; | জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ২০১৬-১৭ অর্থ-বছরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রত্যেক কোয়ার্টার ১ (এক)টি করে বছরে ৪ (চার)টি অডিট কমিটির সভা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষ্যে অডিট কমিটি কর্তৃক ১ম কোয়ার্টার-এ ১টি সভা আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩০ সেপ্টেম্বর ২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে অডিট কমিটির একটি সভার আয়োজন করা হবে। | সহকারী পরিচালক (অডিট ও আইন)। |
| ০৫। | ওয়েবসাইট হালনাগাদকরণ; | জাতীয় সঞ্চয় স্কিমের সময়ে সময়ে হালনাগাদকৃত সকল ফরম, বিধিমালা, নীতিমালা ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলী জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় আলোচনা হয়। | জাতীয় সঞ্চয় স্কিমের সময়ে সময়ে হালনাগাদকৃত সকল ফরম, বিধিমালা, নীতিমালা ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াবলী জাতীয় সঞ্চয় অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | উপ-পরিচালক (জনসংযোগ / পলিসি)। |
| ০৬। | জাতীয় শুদ্ধাচার কৌশলে সংস্থার কার্যক্রম | শুদ্ধাচার কৌশল অনুযায়ী জাতীয় সঞ্চয় অধিদপ্তরসহ অধিনস্থ সকল অফিসে সিটিজেন চার্টার হালনাগাদকরণ, বিভাগীয় কার্যালয়সহ সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়নের বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন বিভাগীয় কার্যালয়সহ সকল কার্যালয়ে নৈতিকতা কমিটি গঠন ও নিজস্ব কর্মপরিকল্পনা প্রণয়ন করে প্রধান কার্যালয়কে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | স্ব স্ব অফিস প্রধান। |
| ০৭। | বিবিধ; | সভাপতি মহোদয় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে ভারতের প্রায়াত মহামান্য রাষ্ট্রপতি জনাব এ.পি.জে আব্দুল কালাম-এর নিম্নবর্ণিত উক্তিসমূহ সভায় তুলে ধরেন এবং তা আন্তরিকভাবে প্রতিপালনের জন্য সকলকে পরামর্শ প্রদান করেনঃ<br>○ স্বপ্ন সেটা নয়-যেটা তুমি ঘুমিয়ে দেখো। স্বপ্ন সেটা-যেটা তোমায় ঘুমোতে দেয় না।<br>○ সূর্য্যের মতো দীপ্তিমান হতে হলে প্রথমে তোমাকে সূর্য্যের মতোই পুড়তে হবে।<br>○ তুমি যদি তোমার কাজকে স্যালুট কর, দেখো তোমার আর কাউকে স্যালুট করতে হবে না। কিন্তু তুমি যদি তোমার কাজকে অসম্মান কর, অমর্যাদা কর, ফাঁকি দাও, তাহলে তোমায় সবাইকে স্যালুট করতে হবে।<br>○ যারা হৃদয় দিয়ে কাজ করতে পারে না; তাদের অর্জন অন্ত:সারশূন্য, উৎসাহহীন সাফল্য চারদিকে তিক্ততার উদ্ভব ঘটায়।<br>○ ভিন্নভাবে চিন্তা করার এবং উদ্ভাবনের সাহস থাকতে হবে, অপরিচিত পথে চলার ও অসম্ভব জিনিস আবিষ্কারের সাহস থাকতে হবে এবং সমস্যাকে জয় করে সাফল্য অর্জন করতে হবে।<br>○ সমস্যাকে কখনো এড়িয়ে যেতে চাইবে না। বরং সমস্যা এলে তার মুখোমুখি দাড়াবে। মনে রাখবে, সমস্যাবিহীন সাফল্যে কোন আনন্দ নেই। সব সমস্যারই সমাধান আছে।<br>○ জীবনের অভিজ্ঞতা দিয়ে মূলত চারটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আমি আলোকপাত করি। সেগুলো হলোঃ জীবনের লক্ষ্য নির্ধারণ, জ্ঞান আহরণ, অনেক বড় সমস্যায় পড়লো লক্ষ্য থেকে সরে না আসা এবং কোন কাজে সাফল্য, ব্যর্থতা দুটোকেই নেতৃত্বগুণে সামাল দিতে পারা।<br>○ এখন থেকে সবকিছুতে দেশের কথা মাথায় রাখবে। কোন স্বপ্ন দেখলে নিজের সংগে দেশকে নিয়েও দেখবে, কোন চিন্তা করলে দেশকে নিয়ে করবে, আর কোন কাজে মগ্ন হলে দেশের জন্য করবে।<br>○ সমস্যাকে কখনো আমার উপর চেপে বসতে দেব না। যত কঠিন সময়ই আসুক না কেন, কখনোই হাল ছেড়ে | ক) ভারতের প্রায়াত মহামান্য রাষ্ট্রপতি জনাব এ.পি.জে আব্দুল কালাম-এর উক্তিসমূহ ফেস্টুন আকারে প্রকাশ করে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সকল কার্যালয়ে ঝুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করা হবে।<br><br>খ) জাতির জনক বঙ্গবন্ধু কর্তৃক সরকারী কর্মচারীদের উদ্দেশ্যে প্রদেয় বক্তব্যটি ফেস্টুন আকারে প্রকাশ করে জাতীয় সঞ্চয় অধিদপ্তরের সকল কার্যালয়ে ঝুলিয়ে রাখার ব্যবস্থা গ্রহণ করা হবে। | সহকারী পরিচালক (প্রশাসন)। |

| ক্র. | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | দেব না।<br>ঃ হতাশ না হয়ে নিজেকে স্বপ্ন পূরণের কতটা কাছাকাছি নিয়ে যেতে পারছ, সেদিকে নজর রাখবে। কখনোই সাহস হারাবে না। নিজের একটি দিনও যাতে বৃথা মনে না হয়- সে চেষ্টা কর। | | |

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনসহ নিজ নিজ দায়িত্ব নিষ্ঠা ও আন্তরিকতার সাথে পালনের আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৯.০৯.১৯

(বাবলু কুমার সাহা)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২-৯৫৫৯৯০৮